



কম্পিউন্সি বেজড লার্নিং ম্যাটেরিয়ালস (সিবিএলএম)

কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট

লেভেল – ০৪

মডিউল শিরোনামঃ ক্লদিং ম্যাটেরিয়াল এর ধরণ ব্যাখ্যা করা এবং
ইন্সপেকশন করা

Module: Interpreting Clothing Material Types and Inspection

মডিউল কোড: CBLM-OU-QCM-03-L4-V1



জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়,
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কপিরাইট

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ,

প্রধানমন্ত্রীর কার্যালয়।

১১-১২ তলা, বিনিয়োগ ভবন

ই-৬/বি, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

ইমেইল: ec@nsda.gov.bd

ওয়েবসাইট: www.nstda.gov.bd

ন্যাশনাল স্কিলস পোর্টাল: <http://skillsportal.gov.bd>

এই কম্পিউটার বেজড লার্নিং ম্যাটেরিয়ালটির (সিবিএলএম) স্বত্ব জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (এনএসডিএ) এর নিকট সংরক্ষিত। এনএসডিএ-এর যথাযথ অনুমোদন ব্যতীত অন্য কেউ বা অন্য কোন পক্ষ এ সিবিএলএমটির কোন রকম পরিবর্তন বা পরিমার্জন করতে পারবে না।

“ক্লাদিং ম্যাটেরিয়াল এর ধরণ ব্যাখ্যা করা এবং ইম্পেকশন করা” সিবিএলএমটি এনএসডিএ কর্তৃক অনুমোদিত কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ অকুপেশনের কম্পিউটার স্ট্যান্ডার্ড ও কারিকুলামের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে। এতে কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ স্ট্যান্ডার্ডটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তথ্য সন্নিবেশিত হয়েছে।

এ ডকুমেন্টটি সংশ্লিষ্ট বিশেষজ্ঞ প্রশিক্ষক দ্বারা এনএসডিএ কর্তৃক প্রণয়ন করা হয়েছে।

এনএসডিএ স্বীকৃত দেশের সকল সরকারি-বেসরকারি-এনজিও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে কোয়ালিটি কন্ট্রোল ম্যানেজমেন্ট লেভেল-৪ কোর্সের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য এ সিবিএলএমটি ব্যবহার করতে পারবে।

----- তারিখে অনুষ্ঠিত কর্তৃপক্ষ সভায় অনুমোদিত-----

সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা

এই মডিউলে প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষণ কার্যক্রম সম্পর্কে বলা হয়েছে। এই কার্যক্রমগুলো প্রশিক্ষণার্থীকে সম্পন্ন করতে হবে। এই মডিউল সফলভাবে শেষ করলে আপনি রুদ্দিং মেটেরিয়ালের ধরণ ও ইম্পেকশন ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা অর্জন করতে পারবেন। ছাড়াও ফেরিকোর প্রকার ভেদ উৎপাদন প্রক্রিয়া ফেরিক ইম্পেকশন, ট্রিমস এবং একসেসরিস এর উপর ধারণা অর্জন করতে পারবেন। একজন দক্ষ কোয়ালিটি কন্ট্রোলারের জন্য যে প্রয়োজনীয় জ্ঞান ও ইতিবাচক মনোভাব প্রয়োজন তা এই মডিউলে অন্তর্ভুক্ত রয়েছে।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিখন কার্যক্রমের ধারা জানার জন্য "শিখন কার্যক্রম" অংশটি অনুসরণ করুন। ধারাবাহিকভাবে জানার জন্য সূচিপত্র, তথ্যপত্র, কার্যক্রম পত্র, শিখন কার্যক্রম, শিখনফল এবং উত্তরপত্রে পৃষ্ঠা নম্বর ব্যবহার করা হয়েছে। নির্দিষ্ট পাঠের সাথে সঠিক সহায়ক উপাদান সম্পর্কে জানার জন্যে শিখন কার্যক্রম অংশটি দেখতে হবে। এই শিখন কার্যক্রম অংশ আপনার সক্ষমতা অর্জন অনুশীলনের রোডম্যাপ হিসাবে কাজ করে।

তথ্যপত্রটি পড়ুন। এতে কার্যক্রম সম্পর্কে সঠিক ধারণা এবং সুনির্দিষ্টভাবে কাজ করার ধারণা পাওয়া যাবে। 'তথ্যপত্রটি' পড়া শেষ করে 'সেলফ চেক শীট' এ উল্লিখিত প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। শিখন গাইডের তথ্যপত্রটি অনুসরণ করে 'সেলফ চেক শিট' সমাপ্ত করুন। 'সেলফ চেক' শীটে দেয়া প্রশ্নগুলোর উত্তর সঠিক হয়েছে কি না তা জানার জন্য 'উত্তর পত্র' দেখুন।

জব শীটে নির্দেশিত ধাপ অনুসরণ করে যাবতীয় কার্য সম্পাদন করুন। এখানেই আপনি নতুন সক্ষমতা অর্জনের পথে আপনার নতুন জ্ঞান কাজে লাগাতে পারবেন।

এই মডিউল অনুযায়ী কাজ করার সময় নিরাপত্তা বিষয়টি সম্পর্কে সচেতন থাকবেন। কোনো প্রশ্ন থাকলে ফ্যাসিলিটেরকে প্রশ্ন করতে সংকোচ করবেন না।

এই শিখন গাইডে নির্দেশিত সকল কাজ শেষ করার পর অর্জিত সক্ষমতা মূল্যায়ন করে নিশ্চিত হবেন যে, আপনি পরবর্তী মূল্যায়নের জন্য কতটুকু উপযুক্ত। প্রয়োজনীয় সব সক্ষমতা অর্জন হয়েছে কিনা তা জানার জন্য মডিউলের শেষে সক্ষমতা মান এর একটি চেকলিস্ট দেওয়া হয়েছে। এই তথ্যটি কেবলমাত্র আপনার নিজের জন্য।

সূচিপত্র

কপিরাইট	i
সক্ষমতা ভিত্তিক শিখন উপকরণ ব্যবহার নির্দেশিকা	v
মডিউল কন্টেন্ট	১
শিখনফল (Learning Outcome)-১ : ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন।	২
শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) - ১ : ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন।	৩
ইনফরমেশন শীট (Information Sheet)-১: ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করুন।	৪
সেলফ চেক শীট (Self-Check): ১ ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারা।	১৪
উত্তরশীট (Answer Key) -১: ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারা।	১৫
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet)- ১: ফেরিকের প্রকারভেদ বর্ণনা করণ এবং উৎপাদন প্রক্রিয়া শনাক্ত করণ।	১৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) - ১: ফেরিকের প্রকারভেদ বর্ণনা কর এবং উৎপাদন প্রক্রিয়া শনাক্ত করণ।	১৮
শিখনফল (Learning Outcome)-২: ফেরিক ইম্পেকশন করতে পারবেন।	১৯
শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) – ২ ফেরিক ইম্পেকশন করতে পারবেন।	২০
ইনফরমেশন শীট (Information Sheet): ২: ফেরিক ইম্পেকশন করতে পারা।	২১
সেলফ চেক শীট (Self-Check): ২.: ফেরিক ইম্পেকশন করতে পারা	৩৮
উত্তরশীট (Answer Key) -২. : ফেরিক ইম্পেকশন করতে পারা	৩৯
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ২.১: ফেরিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি করণ	৪২
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ২.১: ফেরিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি করণ।	৪৩
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ২.২: ফেরিক ইম্পেকশন করণ।	৪৪
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ২.২: ফেরিক ইম্পেকশন করণ।	৪৫
শিখনফল-৩. বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারবেন	৪৬
শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) – ৩: বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারবেন।	৪৭
ইনফরমেশন শীট (Information Sheet): ৩: বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারা।	৪৮
সেলফ চেক শীট (Self-Check): ৩ : বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারা।	৫৪
উত্তরশীট (Answer Key) -৩: বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারা।	৫৫
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ৩.১: ট্রিমস এবং এক্সেসরিস শনাক্ত করণ।	৫৭
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) – ৩.১: ট্রিমস এবং এক্সেসরিস শনাক্ত করণ।	৫৮
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ৩.২: বিভিন্ন প্রকার ট্রিমস এবং এক্সেসরিস এর ব্যাখ্যা করণ।	৫৯
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) ৩.২: বিভিন্ন প্রকার ট্রিমস এবং এক্সেসরিস এর ব্যাখ্যা করণ।	৬০
শিখনফল (Learning Outcome)-৪. ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করতে পারবেন।	৬১

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) –৪: ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করুন।	৬২
ইনফরমেশন শীট (Information Sheet)-৪:ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করতে পারা।.....	৬৩
সেলফ চেক শীট (Self-Check)-৪.১: ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করুন।.....	৬৮
উত্তরশীট (Answer Key)- ৪.১: ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করুন।.....	৬৯
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ৪.১: ট্রিমস এবং এক্সেসরিস ইম্পেকশন করুন।.....	৭০
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) –৪.১: বিভিন্ন প্রকার ট্রিমস এবং এক্সেসরিস এর ব্যাখ্যা করুন।.....	৭০
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet): ৪.২: ইম্পেকশন রিপোর্ট প্রস্তুত করুন।	৭১
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) –৪.২: বিভিন্ন প্রকার ট্রিমস এবং এক্সেসরিস এর ব্যাখ্যা করুন।	৭১
শিখনফল-৫. এমবেলিসমেন্ট ইম্পেকশন করতে রবেন.....	৭২
শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience)– ৫: এমবেলিসমেন্ট ইম্পেকশন করতে পারবেন।.....	৭৩
ইনফরমেশন শীট (Information Sheet)-৫:এমবেলিসমেন্ট ইম্পেকশন করুন।	৭৪
সেলফ চেক শীট (Self-Check)- ৫: এমবেলিসমেন্ট ইম্পেকশন করুন	৮০
উত্তরশীট (Answer Key) -৫ এমবেলিসমেন্ট ইম্পেকশন করুন।	৮১
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet)-৫.১: এমবেলিসমেন্ট ইম্পেকশন করুন।	৮৩
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) -৫.১: এমবেলিসমেন্ট ইম্পেকশন করুন।	৮৪
অ্যাক্টিভিটি শিট (Activity Sheet)-৫.২: ইম্পেকশন রিপোর্ট প্রস্তুত করুন।.....	৮৫
স্পেসিফিকেশন শিট (Specification Sheet) - ৫.২ : বিভিন্ন প্রকার ট্রিমস এবং এক্সেসরিস এর ব্যাখ্যা করুন। ...	৮৬
দক্ষতা পর্যালোচনা (Review of Competency)	৮৭

মডিউল কন্টেন্ট

ইউ ও সি শিরোনাম	রুদিং ম্যাটেরিয়াল এর ধরণ ব্যাখ্যা এবং ইন্সপেকশন করুন
ইউ ও সি কোড	OU-QCM-03-L4-V1
মডিউল শিরোনাম	রুদিং ম্যাটেরিয়াল এর ধরণ ব্যাখ্যা করা এবং ইন্সপেকশন করা
মডিউলের বর্ণনা	এই মডিউলটিতে রুদিং ম্যাটেরিয়াল এর ধরণ এবং ইন্সপেকশন ব্যাখ্যা করার জন্য প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও আচরণ (কেএসএ) সমূহকে অন্তর্ভুক্ত করা হয়েছে। এতে নির্দিষ্ট ভাবে ফেরিকের প্রকারভেদ শনাক্তকরণ, ফ্যাব্রিক উৎপাদন প্রক্রিয়া, ফ্যাব্রিক ইন্সপেকশন, ট্রিমস এবং এক্সেসরিসের ব্যাখ্যা, ট্রিমস, এক্সেসরিস এবং ইন্সপেকশন সম্পর্কিত সক্ষমতাসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে।
নমিনাল সময়	৪০ ঘন্টা
শিখনফল	মডিউলটির অনুশীলন শেষ করার পর প্রশিক্ষণার্থীরা নিম্নবর্ণিত কাজগুলো করতে সমর্থ হবে: ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন। ফেরিক ইন্সপেকশন করতে পারবেন। বিভিন্ন প্রকারের ট্রিমস এবং এক্সেসরিস ব্যাখ্যা করতে পারবেন। ট্রিমস এবং এক্সেসরিস ইন্সপেকশন করতে পারবেন এমবেলিসমেন্ট ইন্সপেকশন করতে পারবেন। এমবেলিসমেন্ট ইন্সপেকশন করতে পারবেন।

অ্যাসেসমেন্ট ক্রাইটেরিয়া: (Assessment Criteria)

১. বিভিন্ন ধরণের ফেরিক সনাক্ত করা হয়েছে।
২. বিভিন্ন ধরণের ইয়ার্ন সনাক্ত করা হয়েছে।
৩. ফেরিকের প্রকারভেদ সমূহ বর্ণনা করা হয়েছে।
৪. বিভিন্ন ধরণের ফেরিকের জন্য তাদের উৎপাদন প্রক্রিয়া ব্যাখ্যা করা হয়েছে।
৫. বিভিন্ন ধরণের কাপডের ত্রুটি এবং তাদের প্রভাব তালিকাভুক্ত করা হয়েছে।
৬. ফেরিক পরিদর্শন পদ্ধতি শিল্প নির্দেশিকা অনুযায়ী চিহ্নিত করা হয়েছে।
৭. ফেরিক পরিদর্শন ক্রেতার নির্দেশিকা এবং প্রতিষ্ঠিত মানের নিয়ম অনুযায়ী সঞ্চালিত হয়েছে।
৮. পরিদর্শন রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।
৯. ট্রিম এবং আনুষাঙ্গিক সনাক্ত করা হয়েছে।
১০. ট্রিম এবং আনুষাঙ্গিক মধ্যে পার্থক্য ব্যাখ্যা করা হয়েছে।
১১. ট্রিম এবং আনুষাঙ্গিক স্পেসিফিকেশন শীট অনুযায়ী তালিকাভুক্ত করা হয়েছে।
১২. ট্রিম এবং আনুষাঙ্গিক পরিদর্শন পদ্ধতি চিহ্নিত করা হয়েছে।
১৩. ক্রেতার স্পেসিফিকেশন অনুযায়ী
১৪. ট্রিম এবং আনুষাঙ্গিক পরিদর্শন করা হয়েছে।
১৫. পরিদর্শন রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।
১৬. ধরনের অলঙ্করণ ত্রুটি চিহ্নিত করা হয়েছে।
১৭. অলঙ্করণ পরিদর্শন পদ্ধতি ক্রেতার প্রয়োজনীয়তা অনুযায়ী প্রয়োগ করা হয়েছে।
১৮. পরিদর্শন রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।

শিখনফল (Learning Outcome)-১ : ফেরিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন।

অ্যাসেসমেন্ট মানদণ্ড	<ol style="list-style-type: none"> ১. বিভিন্ন ধরণের ফেরিক সনাক্ত করা হয়েছে ২. বিভিন্ন ধরণের ইয়ান সনাক্ত করা হয়েছে ৩. ফেরিকের প্রকারভেদ সমূহ বর্ণনা করা হয়েছে ৪. বিভিন্ন ধরণের ফেরিকের জন্য তাদের উৎপাদন প্রক্রিয়া ব্যাখ্যা করা হয়েছে
শর্ত ও রিসোর্স	<ol style="list-style-type: none"> ১. সিবিএলএম ২. বিভিন্ন ধরণের ফেরিক ৩. বিভিন্ন ধরণের ইয়ান (সুতা) ৪. কনজিউমএবল ম্যাটেরিয়ালস
বিষয়বস্তু	<ol style="list-style-type: none"> ১. ফেরিক সনাক্ত ২. ইয়ান সনাক্ত ৩. ফেরিকের প্রকারভেদ ৪. উৎপাদন প্রক্রিয়া
অ্যাক্টিভিটি/জব	<ol style="list-style-type: none"> ১. ফেরিকের প্রকারভেদ বর্ণনা কর এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত কর
প্রশিক্ষণ পদ্ধতি	<ol style="list-style-type: none"> ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডিসকাশন ৪. ডেমনস্ট্রেশন
অ্যাসেসমেন্ট পদ্ধতি	<p>বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এনএসডিএ কতৃক সনদপ্রাপ্ত/ মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে</p> <ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) - ১ :ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিক্ষন কার্যক্রম	উপকরন / বিশেষ নির্দেশনা
১. এই মডিউল ব্যবহারের নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত পারা বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।
২. ইনফরমেশন শিটগুলি পড়ুন	২. ইনফরমেশন শিট-১: ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারবেন।
৩. সেলফ-চেক শীট সম্পূর্ণ করুন এবং উত্তরশীট পরীক্ষা করুন	৩. সেলফ চেক শিট-১ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র-১ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব শীট এবং স্পেশিফিকেশন শীট পড়ুন	৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন। জব শিট ১: ফেব্রিকের প্রকারভেদ বর্ণনা কর এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত কর

ইনফরমেশন শীট (Information Sheet)-১: ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করুন।

শিক্ষণ উদ্দেশ্য (Learning Objective): এই ইনফরমেশন শীট পড়ে প্রশিক্ষণার্থীগণ-

- ১.১ বিভিন্ন ধরনের ফেব্রিক সনাক্ত করতে পারবে।
- ১.২ বিভিন্ন ধরনের ইয়ার্ন সনাক্ত করতে পারবে।
- ১.৩ ফেব্রিকের প্রকারভেদে সমূহ বর্ণনা করতে পারবে।
- ১.৪ বিভিন্ন ধরনের ফেব্রিকের জন্য তাদের উৎপাদন প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবে।

১.১ বিভিন্ন ধরনের ফেব্রিক সনাক্ত

ফেব্রিক

কাপড় মানুষের মৌলিক চাহিদার অন্যতম। বিভিন্ন ধরনের টেক্সটাইল ফাইবার (আঁশ) দিয়ে সুতা তৈরি করে বুননের মাধ্যমে যে বস্তু তৈরি করা হয়, তাকে ফেব্রিক (Fabric) বা কাপড় বলা হয়। পোশাক তৈরির মূল কাঁচামাল হলো কাপড়। এক এক ধরনের পোশাক এক এক ধরনের কাপড় দিয়ে বানানো হয়। যেমন- জাসি, পিকে, লাকস্ট, জিন্স, গ্যাবার্ডিন, ফ্লানেল, পপলিন, টেট্রন ইত্যাদি। বিভিন্ন ধরনের ফেব্রিক নিম্নরূপ-

ওভেন ফেব্রিক


টানা ও পড়েন সুতোর সমকোণে মেশিনের সাহায্যে বন্ধনীর মাধ্যমে ওভেন ফেব্রিক তৈরি হয়। সহজ করে, দুই সারি সুতা তাঁত এর সাহায্যে পরস্পর সমকোণ বন্ধনীর মাধ্যমে যে কাপড় বা ফেব্রিক তৈরী করে তাকে, ওভেন ফেব্রিক বলা হয়।



চিত্র: ওভেন ফেব্রিক

প্লেইন/ পপলিন ফেব্রিক


পৃথিবীতে যত ধরনের ওভেন কাপড় আছে। তার শতকরা ৭৫ ভাগ প্লেইন ওভেন কাপড়। সুক্ষ কাপড় থেকে শুরু করে মোটা প্রকৃতির কাপড়ও এই উইভ দ্বারা তৈরি করা সম্ভব। যেকোন ধরনের আঁশের তৈরি সুতা দ্বারা প্লেইন ডিজাইনের কাপড় তৈরি করা সম্ভব। খুবই চিকন অর্থাৎ সুক্ষ সুতা দ্বারা মসলিন কাপড় প্লেইন উইভের মাধ্যমে তৈরি করা হয়।



চিত্র : প্লেইন/ পপলিন ফেব্রিক

টুইল ফেব্রিক


সাটিন এবং প্লেইন ওয়েভের পাশাপাশি টেক্সটাইলের জন্য ব্যবহৃত তিন ধরনের বোনালির মধ্যে একটি হল টুইল। যে উইভ কাপড়ের উপরিভাগে টানা বা পড়েন ভাসা অথবা টানা পড়েন সম বা অসম কতগুলো কোণাকুণি শিররেখা দৃষ্ট হয়, এটিই টুইল কাপড়। টুইল কাপড়ের প্রধান বৈশিষ্ট্য হলো কাপড়ের উপর কোণাকুণি রেখার দৃষ্টিগোচর হওয়া। আর এই কোণাকুণি রেখা ডান থেকে বামে ও বাম থেকে ডানে চলতে থাকে। বেশিরভাগ স্যুটিং ও প্যান্টের কাপড় টুইল উইভ দ্বারা তৈরি হয়। টুইলের বিভিন্ন ডিজাইন অনুযায়ী মাঝে মাঝে টুইল রেখার দিক পরিবর্তন করে ইচ্ছমত হেরিংবোন, জিগজ্যাগ ইত্যাদি ডিজাইনের কপড় প্রস্তুত করা হয়ে থাকে।



চিত্র : টুইল কাপড়

অক্সফোর্ড ফেব্রিক:

অক্সফোর্ড হল একটি সাধারণ বুননের মতো একটি বুনন কাঠামো, যা সাধারণত লাইট ওয়েট শার্টিং কাপড়ে ব্যবহৃত হয়।



চিত্র : অক্সফোর্ড ফেব্রিক

ডবি

ডবি লুম হলো এক প্রকার শ্লোর তাঁত। এটি ট্যাপেড লুম থেকে উন্নত। কেননা ট্যাপেড লুমে যেখানে আমরা ৮টি হিল্ড ফ্রেম ব্যবহার করি সেখানে ডবি লুমে ২৪টি মতান্তরে ৩২টি হিল্ড ফ্রেম ব্যবহার করা হয়ে থাকে। উল্লেখ্য যে ১৮৪৩ সালে জোসেফ মেরি জ্যাকার্ড একপ্রকার তাঁত উদ্ভাবন করেন যা ডবি লুমের থেকে উন্নত এবং তার নাম অনুযায়ী নাম রাখা হয় জ্যাকার্ড লুম। হস্তচালিত তাঁত সাধারণত কাঠের তৈরি।

বেশি সংখ্যক ঝাঁপ এই ডবি বা ডাক্কির সাহায্যে ওঠানামা করতে অসুবিধাজনক এবং ডাক্কিগুলো ভেঙে যাওয়ার সম্ভাবনা থাকে। অতএব এই ডবি তাঁত দ্বারা সহজে সাধারণ ঠকঠকি তাঁতের পাড়ের উপর নানা প্রকার ছোট ছোট নকশা হয়ে থাকে যেমনঃ হাঁস, ভোমরা, রাজমহল, গোলাপ ফুল ইত্যাদি। শান্তিপুর, রাজবলহাট, ঢাকা মিরপুর ও টাংগাইল ইত্যাদি অঞ্চলে এই ডবি খুব বেশি প্রচলন।



জ্যাকার্ড


জ্যাকোয়ার্ড ফ্যাব্রিক হল জ্যাকোয়ার্ড তাঁতে বোনা এক ধরনের কাপড়, এটি একটি মেশিন লুম যা ১৮০৪ সালে ফরাসি টেক্সটাইল কারিগর জোসেফ মেরি জ্যাকার্ড দ্বারা উদ্ভাবিত হয়েছিল। এই ধরনের তাঁতের সাথে বোনা কাপড়গুলি সরাসরি ফ্যাব্রিকের মধ্যে বোনা জটিল নিদর্শনগুলির বৈশিষ্ট্য রয়েছে। ফলস্বরূপ, বোনা প্যাটার্ন সহ যেকোন ফ্যাব্রিক জ্যাকার্ড এর সাথে সাদৃশ্য রাখে, তবে প্রযুক্তিগত ভাবে বলতে গেলে, শুধুমাত্র জ্যাকার্ড তাঁতে বোনা কাপড়গুলিকে এই ফ্যাব্রিকের আসল উদাহরণ হিসাবে বিবেচনা করা যেতে পারে।



চিত্র : জ্যাকার্ড ফেব্রিক

নিট ফেব্রিক

নিডেলের সাহায্যে লুপ তৈরি করে উক্ত তৈরিকৃত লুপ গুলোর সাহায্যে ইন্টারলুপিং এর মাধ্যমে উৎপাদিত কাপড়কে নিট কাপড় বলে। যেমন সিঙ্গেল জার্সি, ইয়ার্ন ডাইড, টেরি জার্সি, ফ্লিস ওয়ান সাইড ব্রাশ, রীব, পিকে বা ল্যাকাউস্ট, লেকরা সিঙ্গেল জার্সি, লেকরা রীব, পোলার ফ্লিস, মেশ, ইন্টারলক, স্লাব ফেব্রিক। গার্মেন্টস শিল্পে সাধারণত: এই ধরনের ফেব্রিকস ব্যবহার করা হয়।



চিত্র: নিট ফেব্রিক

নিট ফেব্রিক দুই প্রকার।

ওয়েফট নিটেড ফেব্রিক

এক বা একাধিক পড়েন সুতা দ্বারা অনুভূমিকভাবে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোগ করে বৃত্তাকৃতি বা চ্যাপ্টা আকারের যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়েফট নিটিং বা Weft knitting বলে।

ওয়ার্প নিটেড ফেব্রিক

কাপড়ের দৈর্ঘ্য বরাবর খাড়াভাবে প্রতিটি টানা সুতা দিয়ে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোজিত করে সাধারণ নিটিং পদ্ধতিতে যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়ার্প নিটিং বা Warp knitting বলে।

১.২ বিভিন্ন ধরনের ইয়ার্ন সনাক্ত

ইয়ার্ন

বস্ত্র উৎপাদনের জন্য একগুচ্ছ তন্তুকে পাক বা মোচড় দিয়ে একত্রে সন্নিবেশ করে যা তৈরি করা হয় তাই সুতা। টেক্সটাইল ইয়ার্ন হল অবিরাম দৈর্ঘ্যের এমন এক পদার্থ যা দিয়ে দুই বা ততোধিক ফাইবার একত্রে প্যাচিয়ে সুতা তৈরি করা হয়। ইহা পরবর্তিতে উইভিং, নিটিং, ফিনিশিং ইত্যাদি প্রক্রিয়ায় ফেব্রিক বা অন্য কোন টেক্সটাইল পণ্য প্রস্তুত করা যায়। ইয়ার্ন হল এক প্রকার strand বা তন্তু যা প্রাকৃতিক বা কৃত্রিম ফাইবার বা ফিলামেন্ট দিয়ে গঠিত। ফাইবার চুলের মত দেখতে ছোট এক প্রকার চিকন আকৃতির কোন বস্তু আর ফিলামেন্ট ফাইবারের চেয়ে আকারে দীর্ঘ হয়।



চিত্র : ইয়ার্ন

ন্যাচারাল ইয়ার্ন

ন্যাচারাল ইয়ার্ন প্রাকৃতিক ফাইবার থেকে তৈরি বা উদ্ভূত হয় যা সাধারণত প্রকৃতিতে পাওয়া যায়। (যেমন – তুলা, লিলেন), প্রাণী (উল), এমনকি খনিজ পদার্থ (বেসাল্ট) থেকে যেখানে তন্তুযুক্ত পদার্থগুলি ফিলামেন্টে কাটা হয়, যা পরবর্তীতে বুননের মাধ্যমে আরও প্রক্রিয়াজাত করা যায় এবং ইয়ার্ন প্রস্তুত করা যায়।



চিত্র: ন্যাচারাল ইয়ার্ন

ম্যান মেইড ইয়ার্ন

কৃত্রিম তন্তু বা Synthetic fiber হল রাসায়নিক সংশ্লেষ এর মাধ্যমে মানুষের দ্বারা তৈরি ফাইবার বা তন্তু। এটি সরাসরি কোনও জীবন্ত জৈবদেহ থেকে প্রাপ্ত প্রাকৃতিক আঁশ নয়। রাসায়নিক বা পেট্রোকেমিক্যালের উপর ভিত্তি করে বিভিন্ন রাসায়নিক যৌগ সহ একটি দীর্ঘ, রৈখিক রাসায়নিকের মধ্যে পলিমারাইজ করা হয় এবং বিভিন্ন ধরণের ফাইবার তৈরি করতে ব্যবহৃত হয়। এই কৃত্রিম তন্তু বা Synthetic fiber হতে প্রস্তুত ইয়ার্নকে ম্যান মেইড ইয়ার্ন বলে।



কার্ডেড ইয়ার্ন:

যে-সমস্ত সুতা প্রস্তুত করার ক্ষেত্রে ডইং-এর পর কম্বিং মেশিন ব্যবহার না করে সরাসরি সিমপ্লেক্স ও রিং-এর মাধ্যমে সুতা উৎপন্ন করা হয়, ঐ সমস্ত সুতাকে কার্ডেড সুতা বলে। সাধারণত ৬০^s-এর নিচে যে-সমস্ত সুতা প্রস্তুত করা হয়, তার জন্য কম্বিং মেশিন ব্যবহার করা হয় না।

কার্ডেড সুতার বৈশিষ্ট্য :

- কার্ডেড সুতা কম্বড সুতার চেয়ে তুলনামূলক কম সূক্ষ্ম থাকে।
- এটির শক্তি কম্বড সুতার তুলনায় কম থাকে।
- কার্ডেড সুতার কিছু কিছু নেপস থাকে।
- সুতার অভ্যন্তরে কিছু কিছু হকসহ আঁশ থাকে, কাজেই সুতার শক্তি ও সুস্বভাবতা কিছুটা কম হয়।
- উৎপন্ন সুতা হেয়ারি-সম্পন্ন হয়।
- সাধারণত কার্ডেড সুতা কম কাউন্টের তৈরি করা হয়।
- কার্ডেড সুতায় স্থিতিস্থাপকতা কম থাকে।
- কম্বড সুতা অপেক্ষা কম সুন্দর ও কম মসৃণ হয়।
- উৎপাদন খরচ কম হয়, ফলে সতার মতো অনেক কম হয়।
- ১০^s থেকে ৪৫^s কাউন্ট পর্যন্ত কার্ডেড সুতা হয়ে থাকে, ভালো মানের ক্ষেত্রে ৬০^s কাউন্ট হয়ে থাকে।



- কার্ডেড ইয়ার্ন এর ফাইবার খারাপ হলে ফেব্রিক এর হেন্ড ফিল অনেকটা স্লাব এর মতো হয়।
- কার্ডেড ইয়ার্নে সর্ট ফাইবার থাকার দরুন এর দ্বারা প্রস্তুতকৃত কাপড় এর পিলিং এর প্রবনতা অনেক বেশি।
- কার্ডেড ইয়ার্নে টুইস্ট পার ইঞ্চি **TPI** কম হলে এর তুলনায় বেশি লাগে আর হাইলি টুইস্ট নামে নীট কাপড় এর জন্য স্পাইরিলিটির বা টুইস্টিং এর কারন। ফেক্টরিতে কার্ড ইয়ার্ন কে **KH** দিয়ে নির্দেশ করা হয়।

কম্বড ইয়ার্ন :

যে-সমস্ত সুতা তৈরি করার পূর্বে কম্বিং প্রক্রিয়ার মাধ্যমে ছোট আঁশ দূর করে সুতা প্রস্তুত করা হয়, সে-সমস্ত সুতাকে কম্বড সুতা বলে। সাধারণত ৬০^s বা তার চেয়ে বেশি কাউন্টের সুতা তৈরির করার জন্য কম্বিং প্রক্রিয়া ব্যবহার করা হয়।

কম্বড সুতার বৈশিষ্ট্য:

- কম্বড সুতা তুলনামূলক অধিক সুমম থাকে।
- কার্ডেড সুতার চেয়ে এ সুতা অধিক শক্তিসম্পন্ন হয়ে থাকে।
- এ ধরনের সুতা সাধারণত নেপসমুক্ত থাকে।
- কম্বড ইয়ার্নের স্থিতিস্থাপকতা বেশি।
- এ সুতার পানি শোষণ ক্ষমতা বেশি।
- এ সুতার ত্রুটি কার্ডেড সুতা অপেক্ষা কম।
- এ ধরনের সুতা কম হেয়ারি-সম্পন্ন হয়ে থাকে।
- উচ্চ কাউন্টের সুতা প্রস্তুতের জন্য কম্বিং করার প্রয়োজন হয়।
- কম্বড সুতা দ্বারা সুন্দর পরিচ্ছন্ন কাপড় তৈরি করা সম্ভব।
- ৬০-এর উপরে সুতা প্রস্তুত করতে কম্বিং মেশিন ব্যবহার করা হয়।
- কম্বিং করার পর সুতা প্রস্তুতের জন্য প্রক্রিয়াগত খরচ ও কাঁচামালের খরচ বেশি হয়

১.৩ ফেব্রিকের প্রকারভেদ সমূহ বর্ণনা

বিভিন্ন ধরনের টেক্সটাইল আঁশ দিয়ে সুতা তৈরি করে বুননের মাধ্যমে যে বস্তু তৈরি করা হয়, তাকে কাপড় বলা হয়। যেমন- **জাসি**, পিকে, লাকস্ট, জিন্স, গ্যাবার্ডিন, ফ্লানেল, পপলিন, টেট্রন ইত্যাদি।

আমরা যে সমস্ত কাপড় পরিধান বা ব্যবহার করি তাদেরকে প্রধানত দুই ভাগে ভাগ করা যায়ঃ

ক) ওভেন কাপড়: উদাহরণ- শার্ট, প্যান্ট, পাঞ্জাবী, শাড়ী এর কাপড়।

খ) নীট কাপড়: উদাহরণ-টি-শার্ট, পোলো শার্ট, কম্বল, লেগিংস এর কাপড়।

এছাড়াও আরো দুই ধরনের কাপড় পাওয়া যায়। যথা:

ক) নন-ওভেন: উদাহরণ বাচ্চাদের ডায়াপার, মেডিকেল মাস্ক, টিস্যু পেপার।

খ) ব্রেইড: উদাহরণ জুতার ফিতা, দড়ি, কোমড়ের বেল্ট ইত্যাদি।

ওভেন ফেব্রিক এর শ্রেণী বিভাগ:

লুমের সাহায্যে এ কাপড় তৈরী হয়। এই ক্ষেত্রে ওয়ার্প (টানা) এবং ওয়েফট (পেড়ন) দুই ধরনের সুতার সাহায্যে কাপড় বুনানো হয়। ওভেন ইন্ডাস্ট্রিতে বিভিন্ন প্রকার ওভেন কাপড় ব্যবহার করা হয়। যেমন: কটন, টিসি, টুইল, ক্যানভাস, প্লেইন উইভ, ডায়মন্ড, হানিকম্ব, স্পঞ্জ ইত্যাদি। ওভেন কাপড়ের গঠনের উপর ভিত্তি করে ৩ ভাগে ভাগ করা হয়েছে। যথাঃ

<p>প্লেইন কাপড় (Plain Fabric): এটা সবচেয়ে সাধারণ এবং বহুল ব্যবহৃত বয়ন পদ্ধতি। এ পদ্ধতিতে কাপড়ের ওয়ার্প (টানা) ও ওয়েফট (পড়েন) এর মধ্যে একটা ইন্টারল্যাচমেন্ট হয়। আমরা সচরাচর যে কাপড় দেখি তার বেশির ভাগ প্লেইন কাপড়। প্লেইন ওয়েভের পদ্ধতি 2 ends × 2 picks অনুযায়ী পুনরাবৃত্তি হয়। দুই harness বিশিষ্ট লুম দিয়ে এই কাপড় তৈরি করা যায়।</p>	 <p>Plain weave</p>
<p>টুইল কাপড় (Twill Fabric): প্লেইন কাপড়ের পর সবচেয়ে অধিক ব্যবহৃত কাপড় হল টুইল কাপড়। টুইল কাপড় চেনার উপায় হল কাপড়ে আড়াআড়ি লাইন। একে টুইল লাইন বলা হয়। এই টাইপের কাপড় তির্যক লাইন বরাবর ১৫ থেকে ৭৫ ডিগ্রি কোন অনুযায়ী চলে কোন কোন টুইল ওয়েভ কাপড়ের পেছনের দিকে তাকালে এই তির্যক রেখা পরিষ্কারভাবে দেখা যায়। টুইল ওয়েভ ওপরে এবং নিচে সংখ্যার মাধ্যমে প্রকাশ করা হয়। যেমন ২/১ টুইল এর অর্থ হলো দুটি উপরে এবং একটি নিচে প্রায় সাত ধরনের টুইল ওয়েভ রয়েছে ১/২ টুইল ২/২ টুইল ২/৩ টুইল ৩/৩ টুইল। টুইল লাইনের উপর ভিত্তি করে টুইল ফেব্রিককে ২ ভাগে ভাগ করা হয়। যথা: S-টুইলঃ S-টুইলের ক্ষেত্রে টুইল লাইন বাম থেকে ডানের দিকে নামে। Z-টুইলঃ Z-টুইলের ক্ষেত্রে টুইল লাইন ডান থেকে বামে নামে।</p>	
<p>স্যাটিন কাপড় (Satin Fabric): স্যাটিন কাপড়ের বয়ন প্রক্রিয়া তুলনামূলকভাবে জটিল। একই পোশাকের পৃষ্ঠে, শুধুমাত্র এক ধরনের ওয়ার্প সুতা এবং ওয়েফট সুতা ভাসমান দৈর্ঘ্যের আকারে পোশাকের পৃষ্ঠকে ঢেকে রাখে। যে ক্ষেত্রে ওয়ার্প ফ্লোট পৃষ্ঠকে ঢেকে রাখে তাকে ওয়ার্প স্যাটিন বলা হয় এবং যে ক্ষেত্রে ওয়েফট ফ্লোট পৃষ্ঠকে ঢেকে রাখে তাকে ওয়েফট স্যাটিন বলে। দীর্ঘ ভাসমান থ্রেড ফেব্রিকের পৃষ্ঠকে আরও ভাল দীপ্তি তৈরি করে এবং আলো প্রতিফলিত করা সহজ, তাই অল-কটন স্যাটিনের ফেব্রিক মানুষকে দীপ্তির অনুভূতি দেবে। একই সময়ে স্যাটিন ফেব্রিক আরও টেকসই, এটি ধোয়ার পরে ছোট হবে না এবং দীর্ঘ সময় ব্যবহারের পরে এটি বড় হবে না এবং এর পৃষ্ঠতলস্যাটিন ফেব্রিক তুলনামূলকভাবে শীতল, যা গ্রীষ্মের পরিধানের জন্য খুব উপযুক্ত।</p>	 <p>স্যাটিন কাপড় (Satin Fabric)</p>

ওভেন বা বয়ন কাপড়ের বাণিজ্যিক নাম (Commercial name of woven fabrics):



- শিফন (Chiffon)
- অক্সফোর্ড (Oxford)
- ভয়েল (Voile)
- ডেনিম (Denim)
- অরগান্ডি (Organdy)
- ড্রিল (Drill)
- অরগাঞ্জা (Organza)

- জিনস্ (Jeans)
- লন (Lawn)
- টেরি (Terry)
- বাটিস্ট (Batiste)
- ক্যানভাস (Canvas)
- ক্যামব্রিক (Chambray)
- গ্যাবার্ডিন (Gabardine)
- ট্যাফেটা (Taffeta)
- ফ্লানেল (Flannel)
- মাদ্রাস (Madras)
- ক্যালিকো (Calico)
- চিজ ক্লথ (Cheese cloth)
- বোডফোর্ড কর্ড (Bedford cord)
- নাইলন (Nylon)
- টুইল ক্লথ (Twill cloth)
- মুসলিন (Muslin)
- হ্যান্ড ক্লথ (Hand cloth)
- পপলিন (Poplin)

নিট ফেব্রিকের প্রকারভেদ:

নিটিং এর উপর ভিত্তি করে নিট কাপড়কে দুই ভাগে ভাগ করা হয়। যথাঃ

- ওয়েফট নিট কাপড়
- ওয়ার্প নিট কাপড়

<p>ওয়েফট নিটেটেড ফেব্রিক</p> <p>এক বা একাধিক পড়েন সুতা দ্বারা অনুভূমিকভাবে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোগ করে বৃত্তাকৃতি বা চ্যাপ্টা আকারের যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়েফট নিটিং বা Weft knitting বলে।</p>	
<p>ওয়ার্প নিটেটেড ফেব্রিক:</p> <p>কাপড়ের দৈর্ঘ্য বরাবর খাড়াভাবে প্রতিটি টানা সুতা দিয়ে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোজিত করে সাধারণ নিটিং পদ্ধতিতে যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়ার্প নিটিং বা Warp knitting বলে।</p>	

১.৪ বিভিন্ন ধরণের ফেব্রিকের জন্য তাদের উৎপাদন প্রক্রিয়া


ওভেন ফেব্রিক এর উৎপাদন প্রক্রিয়া ব্যাখ্যা

ফেব্রিক ম্যানুফ্যাকচারিং বলতে কাপড় প্রক্রিয়াজাতকরণ কে বুঝায়। সুতা তৈরির মিলগুলোতে সুতা তৈরি করার পরে সেই সুতাকে বিভিন্ন রকম প্রক্রিয়াজাত করা হয়। পরবর্তীকালে শেষ ধাপে ব্যবহার উপযোগী কাপড় পাওয়া যায়। আর এই পুরো প্রক্রিয়াকে একত্র ফেব্রিক ম্যানুফ্যাকচারিং বলে।

সহজ ভাবে বলা যায়, যে প্রক্রিয়ায় টানা ও পড়েন সুতার পরস্পর বন্ধনী সৃষ্টির করে কাপড় তৈরি করা হয় কাপড় তৈরির এই কলা কৌশলকে ফেব্রিক ম্যানুফ্যাকচারিং বলে।

আঁশ হতে বিভিন্ন প্রক্রিয়ায় সুতা প্রস্তুত করার পর ঐ সুতা দ্বারা বয়ন প্রক্রিয়ার মাধ্যমে টানা ও পড়েন সুতার পরস্পর বন্ধনী দিয়ে, লুপের সাহায্য এবং আঁশকে জমাট বাঁধিয়ে মানুষের পরিধেয় ও প্রয়োজনীয় ব্যবহারের জন্য যে সকল দ্রব্য উৎপাদিত হয় তাকে ফেব্রিক বা কাপড় বলে। বয়ন কাপড়ের জন্য কমপক্ষে দুই সেট সুতার প্রয়োজন। একটিকে টানা সুতা এবং অপর সুতা কে পড়েন সুতা বলে। টানা সুতা উইভার্স বীমে জড়ানো থাকে এবং পড়েন সুতা মাকুর সাথে থাকে। এই টানা সুতা বাঁপের মাধ্যমে শেড সৃষ্টি করে ও শেডের মাধ্যমে পড়েন সুতা টানা সুতার সাথে বন্ধনী সৃষ্টি করে বয়ন কাপড় তৈরি করা হয়।

ওভেন ফেব্রিক এর উৎপাদন প্রক্রিয়ার ফ্লো-চার্ট :



বয়ন প্রক্রিয়ার ধারাবাহিক বর্ণনা:

বয়নের সুতা: বয়নের জন্য সুতা বিভিন্ন উৎস যেমন- রিং স্পিনিং, রোটর স্পিনিং, এয়ার জেট স্পিনিং ও ফ্রিকশন স্পিনিং পদ্ধতি হতে তৈরি সুতা কাঁচামাল হিসেবে ব্যবহৃত হয়। এটা ছাড়া কৃত্রিম ফিলামেন্ট সুতাও ব্যবহৃত হয়। যেমন- পলিয়েস্টার, নাইলন, পলিপ্রোপাইলিন ইত্যাদি।

ডাবলিং অ্যান্ড টুইস্টিং: উপরোক্ত যে সকল সুতা আমরা বয়নের জন্য ব্যবহার করি কাপড়ের চাহিদা এবং ব্যবহার অনুযায়ী দুই বা ততোধিক সুতাকে একত্র করে এতে পাক বা টুইস্ট দেওয়া হয়। এটাই ডাবলিং অ্যান্ড টুইস্টিং। ফলে সুতার শক্তি বৃদ্ধি পায়।

ওয়াইন্ডিং: স্পিনিং থেকে যে সুতা পাওয়া যায় এটা স্বল্প দৈর্ঘ্যের। কিন্তু বয়নের জন্য স্বল্প দৈর্ঘ্যের সুতা গ্রহণযোগ্য নয়। অনেক দৈর্ঘ্যের সুতাকে কোন বস্তুর উপর জড়িয়ে বা ওয়াইন্ডিং করে বড় প্যাকেজ তৈরি করা হয়।

ববিন /কৌন /চিজ /পার্ন /কপ ওয়াইন্ডিং: এইগুলো বয়নে ব্যবহৃত প্যাকেজ যা ভিন্ন ভিন্ন ক্ষেত্রে ব্যবহৃত হয়। ববিন হস্তচালিত তাঁতে টানা তৈরির জন্য ব্যবহৃত হয়। আবার স্কুল কৌন ও চিজ, গতানুগতিক এবং অটোম্যাটিক তাঁতে টানা তৈরির জন্য ব্যবহৃত হয় এবং আধুনিক তাঁতে টানা ও পড়েন উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়। পার্ন গতানুগতিক (Primitive loom), হস্তচালিত ও স্বয়ংক্রিয় তাঁতে পড়েন সুতা হিসাবে ব্যবহৃত হয়। শুধুমাত্র কপ পাট তাঁতে পড়েন সুতা হিসাবে ব্যবহৃত হয়।

ক্রিলিং: টানা বীম তৈরি করার জন্য ওয়াইন্ডিং প্যাকেজগুলো যে প্রক্রিয়ায় ক্রিলের হোল্ডারের মধ্যে সাজানো হয় তাকে ক্রিলিং বলে।

ওয়াপিং : কাপড় তৈরি করতে প্রস্তুত যতগুলো টানা সুতার প্রয়োজন ততগুলো সুতা কাপড়ের দৈর্ঘ্য অনুযায়ী মেপে লম্বালম্বিভাবে সাজিয়ে নিয়ে বীমে জড়ানোর প্রক্রিয়াকেই ওয়াপিং বলে। উক্ত বীমকে ওয়াপার বীম বলে।

সাইজিং: যান্ত্রিক বা কায়িক উপায়ে টানা সুতাতে বিভিন্ন প্রকার মাড়ের উপকরণ যুক্ত করে সুতার উপর বিদ্যমান বাড়তি আঁশগুলোকে সুতার গায়ে মিশিয়ে দিয়ে সুতাকে চকচকে, ওজন বৃদ্ধি ও শক্তিশালী করার প্রক্রিয়াকে সাইজিং বা মাড় প্রকরণ বলে। যে মেশিনে সাইজিং করা হয় একই মেশিনে সাইজিংকৃত সুতাকে বীমে জড়ানো হয়। বীমে জড়ানোর এই প্রক্রিয়াকে বীমিং বলে।

ড্রইং-ইন: টানা সুতাগুলো উইভার্স বীমে জড়ানোর পর উহার অপর প্রান্ত ডিজাইন অনুসারে পর পর কতগুলো কাঁপের 'ব' চক্ষুর মধ্য দিয়ে ড্রইং হকের সাহায্যে টেনে নেয়া হয়। এই প্রক্রিয়াকে ড্রইং-ইন বা ড্রাফটিং বলে।

ডেন্টিং: যে পদ্ধতিতে রিড এর প্রতিটি ডেন্টের মধ্য দিয়ে টানা সুতাকে ডিজাইন অনুযায়ী ড্রইং হকের সাহায্যে টেনে নেয়া হয় তাকে ডেন্টিং বলে। সাধারণত প্রতিটি ডেন্টের মধ্য দিয়ে দুই বা ততোধিক সুতা প্রবেশ করানো হয়।

লুমিং: উইভিং এর প্রস্তুতির জন্য সর্বশেষ প্রক্রিয়া হল লুমিং। ড্রইং ইন এবং ডেন্টিং এর পর ওয়াপ বীম বা উইভার্স বীমকে লুম এর নির্দিষ্ট স্থানে অর্থাৎ ব্র্যাকেট এর উপর বসানো হয়। তারপর কাঁপ ও শানা বসানো হয়। অতঃপর শানার সামনের আলগা সুতাগুলোকে রুথ বীমের সাথে বাধা হয়। যে প্রক্রিয়ার মাধ্যমে বীমকে আনুষঙ্গিক উপকরণসহ লুমে স্থাপন করা হয় তাকে লুমিং বলে।

উইভিং: কাপড় বয়নের সময় টানা সুতাগুলোকে কাপের সাহায্যে দুই ভাগে ভাগ করে কোনাকৃতি ফাঁকের সৃষ্টি করে সেড তৈরি করা হয়। এই সেডের মধ্য দিয়ে মাকু তাঁতের এক প্রান্ত হতে অপর প্রান্তে চলাচলের সময় পড়েন সুতাকে ফেলে যাওয়ার পর শানা দ্বারা ঠেলে দেয়া হয়। এরূপ একটির পর একটি সুতা প্রবেশ করিয়ে টানার সাথে পড়েন এর বন্ধনী সৃষ্টি করে কাপড় প্রস্তুত করা হয়। কাপড় তৈরির এই প্রক্রিয়াকে উইভিং বলে।

ফেরিক চেকিং (Inspection): কাপড় তৈরির পর এটাতে কম বেশি দোষত্রুটি থাকে। টেবিলের উপর রেখে হস্তদ্বারা বা মেশিনের সাহায্যে একপ্রান্ত হতে টেনে কাপড়ের দোষ ত্রুটি যাচাই বাছাই করে মান সম্পন্ন কাপড় পরবর্তী প্রক্রিয়ার জন্য প্রস্তুত করার নাম ফেরিক চেকিং।

ক্যালেন্ডারিং অ্যান্ড ফোল্ডিং: কাপড়ের চাকচিক্যতা বৃদ্ধি ও একে আকর্ষণীয় করে তোলার জন্য কাপড়কে তাপে ও চাপে মসৃণ করা হয় ও পরবর্তীতে একটি মেশিনে ভাঁজ করার নাম ক্যালেন্ডারিং অ্যান্ড ফোল্ডিং।

বেলিং: এটা সর্বশেষ প্রক্রিয়া। ফোল্ডিং করার পর কাপড়কে স্তরে স্তরে সাজিয়ে প্রেসের সাহায্যে চাপ দিয়ে আয়তন কমিয়ে বেল তৈরি করার নাম বেলিং। কাপড় বাজারজাত ও গুদামজাত করার সুবিধার্থে বেল তৈরি করা হয়।

নিট ফেব্রিক এর উৎপাদন প্রক্রিয়া:


ইয়ার্ন এর লুপ ধারাবাহিকভাবে নিডল এর সাহায্যে Interlinking বা Knotting এর মাধ্যমে সংযোগ ঘটিয়ে নিটিং পদ্ধতি অনুসরণ করা হয়। এই পর্যায়ক্রমিক লুপকে পূর্ববর্তি লুপের সাথে জাল তৈরির মত একত্রে মিশিয়ে করা হয়। এর মাধ্যমে নতুন Stitch তৈরি হয় যা Loop Structure এর আগের Stitch বন্ধ বা Lock করে দেয়। এভাবে আস্তে আস্তে কাপড়ের Sheet তৈরি হতে থাকে। উইভিং এর মতই এই Sheet দ্বিমাতৃক প্রকৃতির হয়। পার্থক্য হল, উইভিং প্রক্রিয়ায় সুতাগুলি সোজা বা সমান্তরাল বরাবর চলে যেখানে নিট পদ্ধতির ক্ষেত্রে ইয়ার্ন বা সুতা Meandering Path বরাবর চলে। ইয়ার্নের এই প্রতিসম লুপিং গঠনের ফলেই নিট কাপড় সাধারণত: Elastic এবং Stretchy স্বভাবের হয়।

নিটিং হাত অথবা মেশিনের সাহায্যেও করা যায়। হাত দিয়ে নিটিং এর ক্ষেত্রে Flat Knitting বা Circular Knitting পদ্ধতি অনুসরণ করে কাপড় তৈরি করা হয়। Flat Knitting এর বেলায় দু'টি সোজা নিডল ব্যবহার করা হয়। অপরদিকে Circular Knitting এর ক্ষেত্রে Double Pointed বা Circular নিডল এর সেট ব্যবহার করা হয়।

নিটিং এর মূল প্রক্রিয়া সর্বপ্রথম Casting on থেকে শুরু হয় যাকে নিডল এর সাথে Stitch তৈরি করা বুঝায়। Casting on এর বিভিন্ন পদ্ধতি নিট কাপড়ে বিভিন্ন রকম Effect প্রদান করে। পূর্ববর্তী Stitch এ নিডল প্রয়োগের বিভিন্ন বৈচিত্রের কারণে নিট কাপড়ের বিভিন্ন ডিজাইনের প্যাটার্ন তৈরি করা যায়।

সমস্ত নিট কাপড়ের গঠন দুটি ইয়ার্নের মধ্যে knot প্রদানের কৌশলের উপর নির্ভর করে।

নীট কাপড়ের উৎপাদন প্রক্রিয়ার ফ্লো-চার্ট



সেলফ চেক শীট (Self-Check): ১ ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারা।

প্রশিক্ষার্থীদের জন্য নির্দেশনা: উপরোক্ত ইনফরমেশন শীট পাঠ নিচের প্রশ্নগুলোর উত্তর লিখুন-

বহু নির্বাচনী প্রশ্ন:

১. প্রশ্ন: ফেব্রিক কত প্রকার?
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার (গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার
২. নিট ফেব্রিক কোনটি?
(ক) ভয়েল (খ) টেরি (গ) ডেনিম (ঘ) অরগান্ডি
৩. প্রশ্ন : ডইং-এর পর কস্মিং মেশিন ব্যবহার না করে সরাসরি সিমপ্লেক্স ও রিং-এর মাধ্যমে সুতা উৎপন্ন করা হয় কোন সুতা?
(ক) কার্ডেড সুতা (খ) কস্মড সুতা (গ) ফিলামেন্ট সুতা (ঘ) কোনটি নয়
৪. প্রশ্ন :নীট ফেব্রিক কত প্রকার ?
(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার (গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার
৫. প্রশ্ন : কোন কাপড় খুব মসুন ও চকচকে হয়?
(ক) টুইল কাপড় (খ) সাটিন কাপড় (গ) অক্সফোর্ড কাপড় (ঘ) টেরি কাপড়
উত্তর:

সংক্ষিপ্ত প্রশ্ন:

৬. প্রশ্ন: ওভেন ফেব্রিক কি?
উত্তর:
৭. প্রশ্ন:নিট ফেব্রিক কি?
উত্তর:
৮. প্রশ্ন:টুইল কি?
উত্তর:
৯. প্রশ্ন:জ্যাকার্ড কি?
উত্তর:
১০. প্রশ্ন:ওয়েফট নিটেটেড ফেব্রিক কাকে বলে?
উত্তর:
১১. প্রশ্ন:ওয়ারপ নিটেটেড ফেব্রিক কাকে বলে?
উত্তর:
১২. প্রশ্ন:ন্যাচারাল ইয়ার্ন কি?
উত্তর:
১৩. প্রশ্ন:ম্যান মেইড ইয়ার্ন কি?
উত্তর:
১৪. প্রশ্ন:কার্ডেড ইয়ার্ন কি?
উত্তর:

উত্তরশীট (Answer Key) -১: ফেব্রিকের প্রকারভেদ এবং উৎপাদন প্রক্রিয়া সনাক্ত করতে পারা।

বহু নির্বাচনী প্রশ্ন

১. প্রশ্ন: ফেব্রিক কত প্রকার?

(ক) ২ প্রকার

(খ) ৩ প্রকার

(গ) ৪ প্রকার

(ঘ) ৫ প্রকার

উত্তর: (ক) ২ প্রকার

২. নিট ফেব্রিক কোনটি?

(ক) ভয়েল

(খ) টেরি

(গ) ডেনিম

(ঘ) অরগান্ডি

উত্তর: (খ) টেরি

৩. প্রশ্ন : ডাইং-এর পর কস্মিং মেশিন ব্যবহার না করে সরাসরি সিমপ্লেস ও রিং-এর মাধ্যমে সুতা উৎপন্ন করা হয় কোন সুতা?

(ক) কার্ডেড সুতা

(খ) কস্মড সুতা

(গ) ফিলামেন্ট সুতা

(ঘ) কোনটি নয়

উত্তর: (ক) কার্ডেড সুতা

৪. প্রশ্ন :নীট ফেব্রিক কত প্রকার ?

(ক) ২ প্রকার

(খ) ৩ প্রকার

(গ) ৪ প্রকার

(ঘ) ৫ প্রকার

উত্তর: (ক) ২ প্রকার

৫. প্রশ্ন : কোন কাপড় খুব মসৃণ ও চকচকে হয়?

(ক) টুইল কাপড়

(খ) সাটিন কাপড়

(গ) অক্সফোর্ড কাপড়

(ঘ) টেরি কাপড়

উত্তর: (খ) সাটিন কাপড়

৬. প্রশ্ন:ওভেন ফেব্রিক কী?

উত্তর: টানা ও পড়েন সুতার সমকোণে মেশিনের বা দুই সারি সুতা তাঁত এর সাহায্যে পরস্পর সমকোণ বন্ধনীর মাধ্যমে যে কাপড় বা ফেব্রিক তৈরী করে তাকে, ওভেন ফেব্রিক বলা হয়।

৭. প্রশ্ন:নিট ফেব্রিক কী?

উত্তর: যে প্রক্রিয়ায় নিটিং মেশিন বা নিডেলের সাহায্যে এক বা একাধিক সুতার সাহায্যে লুপ তৈরির মাধ্যমে এবং উৎপাদিত লুপগুলোকে পরস্পর লম্বালম্বি বা সমান্তরালভাবে সংযোজিত করে কাপড় তৈরি করা হয়, তাকে নিট কাপড় বলে।

৮. প্রশ্ন:টুইল ফেব্রিক কী?

উত্তর: যে উইভ কাপড়ের উপরিভাগে টানা বা পড়েন ভাসা অথবা টানা পড়েন সম বা অসম কতগুলো কোণাকুণি শিররেখা দৃষ্ট হয়, এটিই টুইল কাপড়।

৯. প্রশ্ন: জ্যাকার্ড কী?

উত্তর: জ্যাকার্ড ফ্যাব্রিক হল জ্যাকার্ড তাঁতে বোনা এক ধরনের কাপড় এটি একটি মেশিন লুম যা ১৮০৪ সালে ফরাসি টেক্সটাইল কারিগর জোসেফ মেরি জ্যাকার্ড দ্বারা উদ্ভাবিত হয়েছিল।

১০. প্রশ্ন: ওয়েফট নিটেড ফেব্রিক কাকে বলে?

উত্তর: এক বা একাধিক পড়েন সুতা দ্বারা অনুভূমিকভাবে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোগ করে বৃত্তাকৃতি বা চ্যাপ্টা আকারের যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়েফট নিটিং (Weft knitting) বলে।

১১. প্রশ্ন: ওয়ারপ নিটেড ফেব্রিক কাকে বলে?

উত্তর: কাপড়ের দৈর্ঘ্য বরাবর খাড়াভাবে প্রতিটি টানা সুতা দিয়ে লুপ তৈরি করে লুপগুলোকে পরস্পর সংযোজিত করে সাধারণ নিটিং পদ্ধতিতে যে কাপড় তৈরি করা হয় তাকে ওয়ার্প নিটিং (Warp knitting) বলে।

১২. প্রশ্ন: ন্যাচারাল ইয়ার্ন কী?

উত্তর: ন্যাচারাল ইয়ার্ন প্রাকৃতিক ফাইবার থেকে তৈরি বা উদ্ভূত হয় যা সাধারণত প্রকৃতিতে পাওয়া যায়। প্রাকৃতিক ফাইবার থেকে তৈরি বা উদ্ভূত তন্তু কে পাক বা মোচড় দিয়ে একত্রে সন্নিবেশ করে অবিরাম দৈর্ঘ্যের যে বস্তু উৎপন্ন করা হয় তাকে ন্যাচারাল ইয়ার্ন বলে।

১৩. প্রশ্ন: ম্যান মেইড ইয়ার্ন কী?

উত্তর: রাসায়নিক বা পেট্রোকেমিক্যালের উপর ভিত্তি করে বিভিন্ন রাসায়নিক যৌগ সহ একটি দীর্ঘ, রৈখিক রাসায়নিকের মধ্যে পলিমারাইজ করা হয় এবং বিভিন্ন ধরনের ফাইবার তৈরি করতে ব্যবহৃত হয়। এই কৃত্রিম তন্তু বা Synthetic fiber হতে প্রস্তুত ইয়ার্নকে ম্যান মেইড ইয়ার্ন বলে।

১৪. প্রশ্ন: কার্ডেড ইয়ার্ন কী?


উত্তর: যে-সমস্ত সুতা প্রস্তুত করার ক্ষেত্রে ডইং-এর পর কম্বিং মেশিন ব্যবহার না করে সরাসরি সিমপ্লেক্স ও রিং-এর মাধ্যমে সুতা উৎপন্ন করা হয়, ঐ সমস্ত সুতাকে কার্ডেড সুতা বলে। সাধারণত ৬০^স-এর নিচে যে-সমস্ত সুতা প্রস্তুত করা হয়, তার জন্য কম্বিং মেশিন ব্যবহার করা হয় না।

অ্যাক্টিভিটি শিট (Activity Sheet)- ১: ফেব্রিকের প্রকারভেদ বর্ণনা করণ এবং উৎপাদন প্রক্রিয়া শনাক্ত করণ।


কাজের ধাপসমূহ

১. অ্যাক্টিভিটি অনুযায়ী পিপিই নির্বাচন ও সংগ্রহ করুন।
২. পিপিই পরিধান করুন।
৩. অ্যাক্টিভিটি অনুযায়ী প্রয়োজনীয় টুলস ও ম্যাটেরিয়ালস নির্বাচন ও সংগ্রহ করুন।
৪. চার্ট অনুযায়ী ফেব্রিকের প্রকারভেদ সমূহের বর্ণনা করুন।
৫. চিত্র দেখে ফেব্রিকের উৎপাদন প্রক্রিয়া শনাক্ত করুন।
৬. কাজের জায়গা গুছিয়ে রাখুন।
৭. টুলস ও যন্ত্রপাতি নির্ধারিত স্থানে রাখুন।

চিত্রঃ বিভিন্ন প্রকার ফেব্রিক



চিত্রঃ ফেব্রিকের উৎপাদন প্রক্রিয়া



স্পেসিফিকেশন শিট (Specification Sheet) - ১: ফেব্রিকের প্রকারভেদ বর্ণনা কর এবং
উৎপাদন প্রক্রিয়া শনাক্ত করণ।

প্রয়োজনীয় পিপিইঃ

ক্রমিক নং	পিপিই নাম	পরিমাণ
১	এ্যাপ্রোন	১টি
২	মাস্ক	১টি
৩	স্কার্ভ	১টি

প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতিঃ

ক্রমিক নং	প্রয়োজনীয় উপকরণ ও যন্ত্রপাতির নাম	পরিমাণ
১	কলম	১টি
২	পেন্সিল	১টি
৩	ইরেজার	১টি
৪	খাতা	১টি

ফেব্রিকের প্রকারভেদঃ

ক্রমিক নং	ফেব্রিকের নাম
১	ওভেন ফেব্রিক
২	নিট ফেব্রিক
৩	নন-ওভেন ফেব্রিক

শিখনফল (Learning Outcome)-২: ফেব্রিক ইন্সপেকশন করতে পারবেন।

<p>অ্যাসেসমেন্ট মানদণ্ড</p>	<ol style="list-style-type: none"> ১. বিভিন্ন ধরণের ফেব্রিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি করা হয়েছে। ২. ইন্ডাস্ট্রি গাইডলাইন অনুসারে ফেব্রিক ইন্সপেকশনের পদ্ধতি সমূহ শনাক্ত করা হয়েছে। ৩. ফ্রেতার গাইডলাইন এবং কোয়ালিটি নর্ম অনুসারে ফেব্রিক ইন্সপেকশন পদ্ধতির প্রয়োগ করা হয়েছে। ৪. ইন্সপেকশন রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।
<p>শর্ত ও রিসোর্স</p>	<ol style="list-style-type: none"> ১. সিবিএলএম ২. ইন্ডাস্ট্রি গাইডলাইন ৩. ফ্রেতার গাইডলাইন ৪. কনজিউমএবল ম্যাটেরিয়ালস
<p>বিষয়বস্তু</p>	<ol style="list-style-type: none"> ১. ফেব্রিক ত্রুটি ২. ফেব্রিক ইন্সপেকশনের পদ্ধতি ৩. কোয়ালিটি নর্ম ৪. ইন্সপেকশন রিপোর্ট
<p>অ্যাক্টিভিটি/জব</p>	<ol style="list-style-type: none"> ১. ফেব্রিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি কর ২. ফেব্রিক ইন্সপেকশন কর
<p>প্রশিক্ষণ পদ্ধতি</p>	<ol style="list-style-type: none"> ১. প্রেজেন্টেশন ২. লেকচার ৩. ডিসকাশন ৪. ডেমনস্ট্রেশন
<p>অ্যাসেসমেন্ট পদ্ধতি</p>	<p>বাস্তব কর্মক্ষেত্রে অথবা প্রশিক্ষণ প্রতিষ্ঠানে এনএসডিএ কতৃক সনদপ্রাপ্ত/ মনোনিত অ্যাসেসর দ্বারা নিম্নলিখিত পদ্ধতিতে অ্যাসেসমেন্ট সম্পাদিত হবে –</p> <ol style="list-style-type: none"> ১. লিখিত অভীক্ষা (Written Test) ২. প্রদর্শন (Demonstration) ৩. মৌখিক প্রশ্ন (Oral Questioning)

শিক্ষার অভিজ্ঞতা (Learning Experience) – ২ ফেব্রিক ইমপেকশন করতে পারবেন।

এই মডিউলে বর্ণিত শিখনফল অর্জনের জন্য আপনাকে ধারাবাহিকভাবে শিক্ষা কার্যক্রম সম্পন্ন করতে হবে। এইসব কার্যক্রম একটি নির্দিষ্ট শ্রেণীকক্ষে বা অন্যত্র সম্পন্ন করা যেতে পারে। বর্ণিত শিখনফল তথা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য এসব কার্যক্রমের পাশাপাশি সংশ্লিষ্ট অনুশীলন ও সম্পন্ন করতে হবে।

শিক্ষন কার্যক্রম	উপকরন / বিশেষ নির্দেশনা
১. এই মডিউল ব্যবহারের নির্দেশিকা অনুসরণ করতে হবে।	১. প্রশিক্ষক প্রশিক্ষার্থীদের ফেব্রিক ইমপেকশন করতে পারা বিষয়ে নির্দেশনা প্রদান করবেন।
২. ইনফরমেশন শীট গুলি পড়ুন	২. ইনফরমেশন শিট-২: ফেব্রিক ইমপেকশন করতে পারা
৩. সেলফ-চেক শীট সম্পূর্ণ করুন এবং উত্তরশীট পরীক্ষা করুন	৩. সেলফ চেক শিট-২ এ দেয়া প্রশ্নগুলোর উত্তর প্রদান করুন। উত্তরপত্র-২ এর সাথে নিজের উত্তর মিলিয়ে নিশ্চিত করুন।
৪. জব শীট এবং স্পেশিফিকেশন শীট পড়ুন	৪. নিম্নোক্ত জব / টাস্ক শিট অনুযায়ী জব / টাস্ক সম্পাদন করুন। জব শিট ২.১ : ফেব্রিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি কর জব শিট ২.২ : ফেব্রিক ইমপেকশন কর

ইনফরমেশন শীট (Information Sheet): ২:ফেব্রিক ইন্সপেকশন করতে পারা।

শিক্ষণ উদ্দেশ্য (Objective): এই ইনফরমেশন শীট পাঠে প্রশিক্ষণার্থীগণ-

- ২.১ বিভিন্ন ধরণের ফেব্রিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা তৈরি করতে পারবেন।
- ২.২ ফেব্রিক ইন্সপেকশনের পদ্ধতি সমূহ শনাক্ত করতে পারবেন।
- ২.৩ কোয়ালিটি নর্ম অনুসারে ফেব্রিক ইন্সপেকশন পদ্ধতির প্রয়োগ করতে পারবেন।
- ২.৪ ইন্সপেকশন রিপোর্ট প্রস্তুত করতে পারবেন।

২.১ বিভিন্ন ধরণের ফেব্রিক ত্রুটি এবং তাদের প্রভাব এর তালিকা

ডিফেক্ট বা অলটার ৩ প্রকার:



- মেজর ডিফেক্ট
- মাইনর ডিফেক্ট
- ক্রিটিক্যাল ডিফেক্ট







ইয়ান ডিফেক্ট লিস্ট:

সুতার ত্রুটিসমূহ (Yarn Defect):

- স্লাব ইয়ান
- স্নার্ল ইয়ান
- নরম সুতা
- ক্র্যাকার্স ইয়ান
- তেলের অর্থাৎ লুব্রিকেটিং ম্যাটেরিয়ালের দাগযুক্ত সুতা
- খারাপ জোড়ায়ুক্ত সুতা
- হেয়ারিনেস
- সুতার কোথাও মোটা কোথাও চিকন
- নেপস
- কিটি ইয়ান

ইয়ান ডিফেক্ট

<p>স্লাব ইয়ান : সুতার মাঝে অসমানভাবে ড্রাফট এবং টুইস্ট হওয়ার কারণে স্লাব ইফেক্টের উৎপত্তি হয়।</p> <p>প্রভাব: ঘনঘন টানা সুতা ছিড়ে যায়, যার ফলে কাপড়ের মান খারাপ হয় এবং ডাইং করার পরে কাপড়ের রঙের অসমতা দেখা দেয়।</p>	
<p>স্নার্ল ইয়ান : টুইস্টিং এর পর সুতায় অসম বা অপরিষ্কৃত টেনশনের কারণে এ ধরনের ত্রুটি দেখা যায়।</p> <p>প্রভাব: পাশাপাশি অবস্থিত সুতাগুলো জড়িয়ে যায় এবং এর ফলে কাপড়ের মান খারাপ হয় এবং কাপড়ের শেড ভেরিয়েশন দেখা যায়।</p>	

<p>নরম সুতা: সুতায় পরিমাণের চেয়ে কম টুইস্টিং হলে নরম সুতা হয়। প্রভাব: পরবর্তী প্রক্রিয়াগুলোতে ঘন ঘন সুতা ছিঁড়ে যায় এবং কাপড়ে রঙের অসমতা দেখা যায়।</p>	
<p>ক্র্যাকার্স ইয়ার্ন: সুতার গায়ে ছোট স্লার্ল এর মতো ত্রুটিসমূহ দেখা যায়। প্রভাব: এ ধরনের ত্রুটির কারণে ওয়াইন্ডিং এর সময় ঘন ঘন সুতা ছিঁড়ে যায়।</p>	
<p>তেলের অর্থাৎ লুব্রিকেটিং ইয়ার্ন: এ ধরনের সুতায় তেলের দাগ লেগে থাকে। প্রভাব: কাপড়ের মাঝে তেলের কালো দাগ দেখা যায়।</p>	
<p>খারাপ জোড়ায়ুক্ত সুতা: অসতর্কভাবে সুতা জোড়া দেওয়া হলে এই ধরনের ত্রুটি দেখা যায়। প্রভাব: পরবর্তী প্রক্রিয়াগুলোতে অনেক বেশি পরিমাণ ত্রুটি দেখা যায়, যা সুতার গুণগতমান খারাপ করে।</p>	
<p>সুতার কোথাও মোটা কোথাও চিকন : সুতার দৈর্ঘ্য বরাবর কোথাও মোটা এবং কোথাও চিকন এ ধরনের ত্রুটি দেখা যায়। প্রভাব: ঘন ঘন সুতা ছিঁড়ে যায় কাপড়ের পৃষ্ঠ অসম হয়, ওয়াইন্ডিং এবং নিটিং এর দক্ষতা কমে যায়।</p>	
<p>কিটি ইয়ার্ন : সুতার মাঝে বীজের ভাঙা অংশ, পাতা এবং ট্রাশ বিদ্যমান থাকে। প্রভাব: এ ধরনের ত্রুটির ফলে কাপড়ের পৃষ্ঠে কালো কালো দাগ দেখা যায়। নিটিং এর সময় নিডেল ভেঙে যায় এবং ওয়াইন্ডিং এর দক্ষতা কমে যায়।</p>	 <p style="text-align: center;">চিত্র : কিটি ইয়ার্ন</p>

উইভিং (weaving) / (Raw) - ফেব্রিক ডিফেক্ট:

উভেন কাপড়ের ত্রুটি:

ত্রুটি বলতে কাপড়ের ঐ সমস্ত বৈশিষ্ট্যকে বোঝায় যা তার ব্যবহারযোগ্যতা বা বিক্রয় যোগ্যতা নষ্ট করে। সুতরাং কাপড়ের ত্রুটি বলতে কাপড়ের মধ্যে অবস্থিত সমস্যাগুলোকে বোঝায়। যেমনঃ ফেব্রিক হোল, ওয়েল স্পট এবং নিডেল মার্ক।

ওভেন ফেব্রিক এর ত্রুটিসমূহ:

সুতার অপূর্ণতা, ভুল বুনন প্রক্রিয়া বা ফিনিশিং প্রক্রিয়াতে ত্রুটির ফলস্বরূপ ওভেন ফেব্রিকে ত্রুটি দেখা যেতে পারে। এগুলিকে ৩ টি বিভাগে শ্রেণিবদ্ধ করা যেতে পারে:

সুতা সম্পর্কিত ত্রুটিঃ

- মিশ্রিত বা ঘন এন্ড (ওয়ার্পের সুতা)
- স্লাব বা স্লাগ

ওয়ার্পের দিক থেকে ঘটে যাওয়া ত্রুটিঃ

- রিডি ফেব্রিক চিহ্ন
- ওয়ার্প স্ট্রিক/ওয়ার্প লাইন
- মিসড / ভুল অঙ্ক
- ভাঙা / মিসিং এন্ড (ওয়ার্পের সুতা)

ওয়েফট এর দিক থেকে ঘটে যাওয়া ত্রুটিঃ

- স্টার্টিং মার্ক
- ফিলিং / ওয়েফট বার
- ব্রোকেন বা ভাঙা পিক (ওয়েফট এর সুতা)
- ভাঙা প্যাটার্ন
- ডাবল বাছাই পিক (ওয়েফট এর সুতা)
- গাউট
- স্লো অফ
- স্মার্ল

